

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমান বন্দর সড়ক
এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
Web: www.brta.gov.bd

স্মারক নং- ৩৫.০৩.০০০০.০০৪.১৪.০১২.১৬- ৪২১৪

তারিখঃ ২১ ডিসেম্বর ২০১৭ খ্রি.

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের ২৫-০৪-২০১৩ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-২১ সংখ্যক স্মারকের আলোকে বিআরটিএ'র গত ১৫-১১-২০১৭ খ্রি: তারিখের বিআরটিএ/প্রশাঃ/ইনোভেশন/২০১৩-৩৭৫১ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে পুনঃগঠিত ইনোভেশন টিমের ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নরূপভাবে বিআরটিএ'র বিভাগীয় ইনোভেশন টিম ও জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন টিম গঠন করা হলোঃ

বিআরটিএ'র বিভাগীয় ইনোভেশন টিম

- | | | |
|----------------------------|---|-------------------------|
| (ক) উপপরিচালক(ইঞ্জি:) | - | বিভাগীয় ইনোভেশন অফিসার |
| (খ) সহকারী পরিচালক(ইঞ্জি:) | - | সদস্য |
| (গ) মোটরযান পরিদর্শক / | - | সদস্য-সচিব |

বিভাগীয় ইনোভেশন অফিসার কর্তৃক মনোনীত

[প্রয়োজনে বিভাগীয় ইনোভেশন অফিসার এক বা একাধিক সদস্য অন্তর্ভুক্ত করতে পারবেন]

বিভাগীয় পর্যায়ের ইনোভেশন টিমের কার্যপরিধি নিম্নরূপ:

- বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত উন্নয়নের লক্ষ্যে তার অধীনস্থ বিভাগীয় ও জেলা/মেট্রো সার্কেল অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের উদ্ভাবনী প্রস্তাব পরিবীক্ষণ করে ৩১ ডিসেম্বরের মধ্যে ইনোভেশন অফিসারের নিকট প্রেরণ করবেন;
- বিভাগীয় ইনোভেশন অফিসার তার বিভাগের ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে ৩১ ডিসেম্বরের মধ্যে ইনোভেশন অফিসারের নিকট প্রেরণ করবেন;
- প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং বিভাগের অধিভুক্ত জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন টিমসমূহ হতে প্রাপ্ত ইনোভেশন সংক্রান্ত মাসিক কার্যবিবরণীর সারসংক্ষেপ পরবর্তী মাসের প্রথম ০৭ কার্যদিবসের মধ্যে সদর কার্যালয়ে ইনোভেশন অফিসারের নিকট প্রেরণ করবেন;
- পর্যায়ক্রমে তার অধীনস্থ বিভাগীয় ও জেলা/মেট্রো সার্কেল অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা;
- বিভাগীয় ইনোভেশন টিম সদরকার্যালয়ের ইনোভেশন টিম এবং জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয়সাধন;

বিআরটিএ'র জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন টিম

- | | | |
|------------------------------|---|------------------------------------|
| (ক) সহকারী পরিচালক(ইঞ্জি:) | - | জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন অফিসার |
| (খ) মোটরযান পরিদর্শক | - | সদস্য |
| (গ) সহকারী মোটরযান পরিদর্শক/ | - | সদস্য-সচিব |

মেকানিক্যাল এসিস্টেন্ট/

জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন অফিসার কর্তৃক মনোনীত


[প্রয়োজনে জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন অফিসার এক বা একাধিক সদস্য অন্তর্ভুক্ত করতে পারবেন। এছাড়াও বিভাগীয় উপপরিচালক(ইঞ্জিনিয়ারিং) তথা বিভাগীয় ইনোভেশন অফিসার মেট্রো সার্কেল ইনোভেশন টিম গঠন করতে সহায়তা করবেন।]

[পাতা- ১/২]

[পাতা - ২]

জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন টিমের কার্যপরিধি নিয়ন্ত্রণ:

- (ক) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত উন্নয়নের লক্ষ্যে তার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের উদ্ভাবনী প্রস্তাব ১৫ ডিসেম্বরের মধ্যে বিভাগীয় ইনোভেশন অফিসারের নিকট প্রেরণ করবেন;
- খ) জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন অফিসার তার সার্কেলের ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে ১৫ ডিসেম্বরের মধ্যে বিভাগীয় ইনোভেশন অফিসারের নিকট প্রেরণ করবেন;
- গ) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে পরবর্তী মাসের প্রথম ০৪ কার্যদিবসের মধ্যে বিভাগীয় ইনোভেশন অফিসারের নিকট প্রেরণ করবেন;
- ঘ) জেলা/মেট্রো সার্কেল ইনোভেশন টিম বিভাগীয় ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয়সাধন করবেন;


চেয়ারম্যান
ফোন: ৯১৪১২৬৮

স্মারক নং- ৩৫.০৩.০০০০.০০৪.১৪.০১২.১৬-৪২৮


তারিখঃ ২১ ডিসেম্বর ২০১৭ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপপরিচালক(ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
২. সহকারী পরিচালক(ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ সার্কেল (সকল)।

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চিফ ইনোভেশন অফিসার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. পরিচালক(প্রশাসনিক)এনফোর্সমেন্ট/ইঞ্জিনিয়ারিং/রোড সেফটি/প্রশিক্ষণ/সচিব, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা।
৩. উপপরিচালক(প্রশাসনিক)এনফোর্সমেন্ট/ইঞ্জিনিয়ারিং-১, ২ ও ৩/রোড সেফটি/প্রশিক্ষণ, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা।
৪. সহকারী পরিচালক(ইঞ্জিনিয়ারিং), লাইসেন্স শাখা, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২১৫।


শীতাংশু শেখর বিশ্বাস
পরিচালক(অপাঃ) [চ:দা]
ও
ইনোভেশন অফিসার